

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন
CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৫০/২০২১
সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

তারিখঃ ০২/০৯/২০২১খ্রিঃ

৩৪তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশনের সম্মানিত সদস্য/সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, আগামী ২০/০৯/২০২১খ্রিঃ (সোমবার) বিকাল ৩:০০ ঘটিকায় এসোসিয়েশনের ৩৪তম বার্ষিক সাধারণ সভা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, চট্টগ্রাম কেন্দ্র, এস এস খালেদ রোড, চট্টগ্রাম এ অনুষ্ঠিত হবে।

উক্ত বার্ষিক সাধারণ সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সম্মানিত সদস্যবৃন্দকে অনুরোধ জানানো যাচ্ছে।


আলোচ্যসূচী :

- ০১। ২৯/০৪/২০১৯খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৩২তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।
- ০২। সাধারণ সম্পাদক কর্তৃক ২০১৯ ও ২০২০খ্রিঃ সালের প্রতিবেদন উপস্থাপন ও অনুমোদন।
- ০৩। এসোসিয়েশনের ২০১৯ ও ২০২০ খ্রিঃ সালের অডিট প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন।
- ০৪। এসোসিয়েশনের ২০২০ ও ২০২১ খ্রিঃ সালের প্রস্তাবিত বাজেট অনুমোদন।
- ০৫। অভ্যন্তরীণ হিসাব নিরীক্ষা কমিটি গঠন।
- ০৬। এসোসিয়েশনের ২০২১খ্রিঃ সালের হিসাব নিরীক্ষার জন্য অডিটর নিয়োগ ও তাঁদের সম্মানী নির্ধারণ।
- ০৭। এসোসিয়েশনের গঠনতন্ত্র সংশোধনী প্রস্তাব আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ০৮। এসোসিয়েশনের টেন্ডার নীতিমালা সংশোধনী প্রস্তাব আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ০৯। বন্দর অভ্যন্তরে পরিচালিত টেম্পো টোকেন ফি পুনর্নির্ধারণ প্রসঙ্গে।
- ১০। এসোসিয়েশনের দ্বিতীয় প্রজেক্ট নির্মাণ বিষয়ে গৃহীত কার্যক্রম প্রসঙ্গে।
- ১১। সি এন্ড এফ এজেন্টস্ কল্যাণ তহবিল পরিচালনা কমিটিতে সাধারণ সদস্যদের মধ্য থেকে ২(দুই) জন সদস্য মনোনয়ন।
- ১২। নির্বাচন কমিশন গঠন ও শপথ গ্রহণ।
- ১৩। বিবিধ (সভাপতির অনুমতিক্রমে)।

বিঃ দ্রঃ- সভায় অংশগ্রহণের জন্য ব্যক্তি মালিকানা প্রতিষ্ঠানের ক্ষেত্রে কাস্টমস্ কর্তৃপক্ষ প্রদত্ত বুকলেট /পরিচয় পত্র আনতে হবে। অংশিদারী প্রতিষ্ঠান ও লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা অংশিদার নিজে অংশগ্রহণ করলে তাঁর কাস্টমস্ কর্তৃপক্ষ প্রদত্ত বুকলেট ও পরিচয় পত্র এবং পরিচালক, অংশিদার অংশগ্রহণ করলে চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা অংশিদার হতে প্রতিষ্ঠানের লেটার হ্যাডে প্রাধিকার পত্র আনতে হবে। সভায় কোন বিষয়ে মতামতের সংখ্যাধিক্য নির্ণয়ের প্রয়োজন হলে উক্ত দলিলাদি প্রয়োজন হবে।



এ, কে, এম, আকতার হোসেন
সভাপতি



মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চ)
সাধারণ সম্পাদক